

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১. ২৩৮.১৯/৭০৩৭৬

তারিখ: ৭/০১/২০২০ খ্রি.।

বিষয়: কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলাধীন রাবাইতারা আদর্শ বালিকা বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজের জনাব মো: মিজানুর রহমান, প্রদর্শক(জীববিজ্ঞান) এর এমপিওভুক্তি।

সূত্র: রাবাউবিক/ mpo ভুক্তি/ব্যখ্যা/২০১৯(৩), তারিখ: ০৭-০৮-২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলাধীন রাবাইতারা আদর্শ বালিকা বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজে জনাব মো: মিজানুর রহমান প্রদর্শক(জীববিজ্ঞান) পদে ১৬/০৩/২০০৫খ্রি. তারিখে যোগদান করেন। অনলাইনে আবেদন রিজেক্ট হওয়ায় জনাব মো: মিজানুর রহমান কে এমপিওভুক্তির জন্য অধ্যক্ষ সূত্রোক্ত পত্র প্রেরণ করেন।

জনাব মোঃ মিজানুর রহমান প্রদর্শক (জীববিজ্ঞান) পদে গত ১৬/০৩/২০০৫ খ্রি. তারিখে যোগদান করেন। শিক্ষামন্ত্রণালয় স্মারকনং- শিম/শা:১১/৭-৭(বিভাগ খোলা) /২০১২/৩৮৬ তারিখ: ১১/০৬/২০১২খ্রিঃ তারিখ অনুযায়ী কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড দিনাজপুর মহোদয় স্মারক নং-৪/কল/রং/৫০৭/১০৪৫ তারিখ ১৯/০৬/২০১২খ্রিঃ তারিখের পত্রে বিজ্ঞান বিভাগ খোলার অনুমোদন প্রদান করেন। বেসরকারী কলেজসমূহের শিক্ষক ও কর্মচারীর জনবল কাঠামো অনুযায়ী পদার্থ, রসায়ন, প্রাণীবিজ্ঞান ও উদ্ভিদ বিজ্ঞান বিষয়ে ল্যাব চালু থাকলে একজন প্রদর্শক নিয়োগ করা যাবে। বিজ্ঞান বিভাগের প্রতিটি বিষয়ে ব্যবহারিক পাঠদান রয়েছে। বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য যেমন তত্ত্বীয়পাঠদান আবশ্যিক, তেমনি ব্যবহারিক পাঠদানও আবশ্যিক। সর্বশেষ ১২/০৬/২০১৮খ্রিঃ তারিখের বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা মোতাবেক বিজ্ঞান বিভাগের সকল বিষয়ে প্রদর্শক নিয়োগের বাধ্যবাধকতা রয়েছে। বিভাগ অনুমোদনের পূর্বেই প্রভাষক ও প্রদর্শক নিয়োগের যৌক্তিকতা রয়েছে কারণ বোর্ড কর্তৃক পরিদর্শনকালে শিক্ষার্থীর সংখ্যা, শিক্ষক নিয়োগ সংক্রান্ত কাগজপত্রাদি ও ব্যবহারিক পাঠদানের জন্য বিজ্ঞানাগারের যন্ত্রপাতি প্রদর্শন করা হয়। কলেজে বিজ্ঞান বিভাগের প্রদর্শক হিসাবে জনাব মোঃ মিজানুর রহমান কর্মরত আছেন এবং বর্তমানে এমপিও ভুক্ত কোন প্রদর্শক নাই। বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য তত্ত্বীয় পাঠদান এবং ব্যবহারিক পাঠদান আবশ্যিক হওয়ায় জনাব মোঃ মিজানুর রহমান প্রদর্শক (জীববিজ্ঞান) কে এমপিওভুক্তিতে বাধা নেই।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

১৬/০১/২০২০

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

অধ্যক্ষ

রাবাইতারা আদর্শ বালিকা বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজ  
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, রাবাইতারা আদর্শ বালিকা বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, রংপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
- ৫। জনাব মো: মিজানুর রহমান, প্রদর্শক(জীববিজ্ঞান), রাবাইতারা আদর্শ বালিকা বহুমুখী উচ্চ বিদ্যালয় ও কলেজ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
- ৬। সংরক্ষণ নথি।